



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৬.৩৬.০৫০.১৫.৫০১

তারিখঃ ১১/১১/২০১৫

## বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম সম্পর্কিত নির্দেশনা

### ভূমিকাঃ

- ১। বিগত কয়েক বছর যাবত টেলিফোন/মোবাইল ফোনে চাঁদাদাবী, ছমকি প্রদান, ভয়ভীতি প্রদর্শন ও উত্থাপনের অভিযোগ পাওয়া যাচ্ছে, যা দেশের ভাবমূর্তিকে ক্ষতিগ্রস্ত করছে এবং জনমনে তীব্র সন্দেহ সঞ্চার করেছে। এহেন কর্মকাণ্ড প্রতিরোধকল্পে জাতীয় পরিচয় পত্রের তথ্যভান্ডারের সাথে যাচাই করত প্রতিটি সিম ব্যবহারকারীর পরিচিতি নিশ্চিতকরণের ব্যবস্থা প্রণয়নের জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন জুলাই, ২০১৪ হতে সকল মোবাইল অপারেটরের সংশ্লিষ্টতায় কার্যক্রম গ্রহণ করে। পরবর্তীতে মাননীয় প্রতিমন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মহোদয়ের সভাপতিত্বে এবং সকল অপারেটরসহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে গত ১০ই সেপ্টেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় আগামী ১৬ই ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে সকল মোবাইল অপারেটর কর্তৃক বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সহ অনলাইনে জাতীয় পরিচয়পত্রের তথ্য যাচাইপূর্বক সিম/রিম নিবন্ধনের প্রক্রিয়া চালুর জন্য নির্দেশ দেয়া হয়। এছাড়াও ১৬ই ডিসেম্বর, ২০১৫ তারিখ হতে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সহ অনলাইনে জাতীয় পরিচয়পত্রের তথ্য যাচাই ব্যতীত কোন সিম/রিম বিক্রয় করা হলে সংশ্লিষ্ট অপারেটরকে জরিমানা করার সিদ্ধান্তও নেয়া হয়।
- ২। এর পর গত ১৯শে অক্টোবর, ২০১৫ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, মহোদয়ের সভাপতিত্বে সকল মোবাইল অপারেটরের প্রধান নির্বাহী সহ সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে অনুষ্ঠিত অপর সভায় ঐক্যমতের ভিত্তিতে সিম/রিম ব্যবহারকারীদের বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম বিষয়ক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক) সকল মোবাইল অপারেটর বায়োমেট্রিক্স ভেরিফিকেশন এর জন্য জাতীয় পরিচয়পত্র তথ্যভান্ডারে যুক্ত হবে।

খ) ভেরিফিকেশন কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধানের জন্য সকল মোবাইল অপারেটর সম্মিলিতভাবে বিটিআরসিতে সেন্ট্রাল বায়োমেট্রিক্স ভেরিফিকেশন মনিটরিং প্র্যাকটফর্ম স্থাপন করবে।

গ) প্রতিযোগিতার ভারসাম্য বজায়ে রিটেইলার পর্যায়ে স্থাপিত বায়োমেট্রিক্স ডিভাইস সমূহ বাধ্যতামূলকভাবে অন্য অপারেটর কর্তৃক ব্যবহারযোগ্য হতে হবে।



# বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

- ৩। এরই ধারাবাহিকতায় উক্ত সিদ্ধান্তসমূহের সুষ্ঠু বাস্তবায়নকল্পে গত ০৪ঠা নভেম্বর, ২০১৫ তারিখে সকল মোবাইল অপারেটরের প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণে বিটিআরসিতে অনুষ্ঠিত সভার বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বায়োমেট্রিক্স ভেরিফিকেশন সিস্টেম সম্পর্কিত নিম্নলিখিত নির্দেশনা জারি করা হলো।

## সাধারণ রূপরেখাঃ

- ৪। বায়োমেট্রিক্স ব্যবহার করে গ্রাহকের পরিচিতি ভেরিফিকেশন কার্যক্রম পরিচালনার নিমিত্তে প্রতিটি মোবাইল অপারেটর “জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪” অনুযায়ী বাংলাদেশ নির্বাচন কমিশনের আওতাধীন জাতীয় পরিচয়পত্র অনুবিভাগ এর সাথে সকল প্রয়োজনীয় চুক্তি সম্পন্ন করবে। উক্ত চুক্তি অনুযায়ী প্রতিটি মোবাইল অপারেটর জাতীয় পরিচয়পত্র তথ্যভান্ডারের সাথে সংযুক্ত থাকবে যা “অপারেটরস বায়োমেট্রিক্স ভেরিফিকেশন প্ল্যাটফর্ম” নামে পরিচিত হবে। সকল মোবাইল অপারেটর সম্মিলিতভাবে বিটিআরসিতে একটি “সেন্ট্রাল বায়োমেট্রিক্স ভেরিফিকেশন মনিটরিং প্ল্যাটফর্ম” স্থাপন করবে। সকল মোবাইল অপারেটর প্রতিটি ভেরিফিকেশন এর জন্য নির্দিষ্ট তথ্য উক্ত সেন্ট্রাল বায়োমেট্রিক্স ভেরিফিকেশন মনিটরিং প্ল্যাটফর্মে প্রেরণ করবে। উক্ত প্ল্যাটফর্ম এমনভাবে ডিজাইন করা হবে যাতে সকল মোবাইল অপারেটরের সকল ধরনের ভেরিফিকেশনের তথ্য সংরক্ষণ করতে পারে এবং পরবর্তীতে চাহিদা মোতাবেক বিটিআরসি সেই সকল তথ্য প্রক্রিয়াজাত করতে পারে। ভেরিফিকেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার নিমিত্ত এবং মোবাইল অপারেটর পর্যায়ে প্রতিযোগিতার ভারসাম্য বজায় রেখেইলার পর্যায়ে স্থাপিত বায়োমেট্রিক্স ডিভাইস সমূহ বাধ্যতামূলকভাবে অন্য অপারেটর কর্তৃক ব্যবহারযোগ্য হতে হবে।

## ভেরিফিকেশন পদ্ধতিঃ

- ৫। নিম্নোক্ত কার্যক্রমের ক্ষেত্রে অপারেটরস বায়োমেট্রিক্স ভেরিফিকেশন প্ল্যাটফর্ম ব্যবহৃত হবে-

- ক) নতুন সিম/রিম নিবন্ধন (রেজিস্ট্রেশন)
- খ) ব্যবহৃত সিম/রিম পুনঃনিবন্ধন (রি-রেজিস্ট্রেশন)
- গ) ভেরিফিকেশন
- ঘ) সংযোগ নিষ্ক্রিয়করণ (ডি-এক্টিভেশন)
- ঙ) প্রতিস্থাপন
- চ) বিটিআরসি কর্তৃক পরবর্তীতে নির্ধারিত অন্য যে কোন কার্যক্রম

- ৬। জাতীয় পরিচয়পত্র তথ্য যাচাইয়ের ক্ষেত্রে নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে

ক) মোবাইল অপারেটর তার অপারেটরস বায়োমেট্রিক্স ভেরিফিকেশন প্ল্যাটফর্ম এর মাধ্যমে সিম/রিম বিক্রেতা (রিটেইলার, ডিস্ট্রিবিউটর, কাস্টমার কেয়ার সেন্টার ইত্যাদি) হতে নিম্নলিখিত তথ্য সংগ্রহ করবে-

- ১) বিক্রেতার পরিচিতি কোড
- ২) গ্রাহকের জাতীয় পরিচয়পত্র নম্বর
- ৩) গ্রাহকের জন্মতারিখ